ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 127 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৮৩ ● কলকাতা ● ০৫ কার্তিক, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ২৩ অক্টোবর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 90

## হিমালয়ের সমর্পণ যোগ



"তোমাদের মার এটা অন্তিম গ্রাস। বেচারী এখান পর্যন্ত এনেছিল।" তারা কিছু বুঝল না, কিন্তু ঘাড় উঁচু করে মায়ের পথ দেখছিল। আর আমি জানতাম যে ঐ মা আর কখনও আসবে না। তারপর আমি ওদের মাকে ঐ গাছের তলাতেই কবর দিই, আর ঐ পক্ষিণীকে তীরবিদ্ধকারী মানুষের কথা চিন্তা করতে লাগলাম যে মানুষ কত নিষ্ঠুর প্রাণী। ভালই যে গুরুদেব আমাকে মানুষের থেকে দূরে রেখেছেন। ঐ মানুষ জানতেও পারবেনা- যাকে আমি তীর মারছি, সে কোন বাচ্চাদের মা আর তাদের জন্য দানা নিয়ে যাচ্ছিল। এরপর আমি প্রতিদিন ঐ বাচ্চাদের কিছু না কিছু খাওয়ার জন্য দিতাম। ধীরে ধীরে তারা বড় হয়ে গেল ও উড়ে গেল। ক্রমশঃ

# দুর্ঘটনার কবলে রাষ্ট্রপতি মুর্মুর হেলিকপ্টার



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দুর্ঘটনার কবলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর হেলিকপ্টার। বুধবার কেরলের প্রামাদম স্টেডিয়ামে রাষ্ট্রপতিকে নিয়ে অবতরণের পর অতিরিক্ত ভারে ভেঙে যায় হেলিপ্যাডের একাংশ। এই অবস্থায় বেসামাল হয়ে পড়ে কপ্টারটি। পরিস্থিতি সামাল দিতে তৎক্ষণাৎ কাজে নামে পুলিশ ও দমকল।উল্লেখ্য, চারদিনের এই সফরে গত মঙ্গলবার সন্ধ্যায় তিরুঅনন্তপুরমে পৌঁছন রাষ্ট্রপতি মুর্মু। তাঁকে স্বাগত জানাতে বিমানবন্দরে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন, রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকার-সহ একাধিক মন্ত্রী। বুধবার সকালে সেখান থেকেই হেলিকপ্টারে পাঠানমথিত্তা জেলার যান। এখানেই রয়েছে ঐতিহ্যবাহী শবরীমালা মন্দির। ট্রাভাঙ্কর দেবস্বম বোর্ডের (টিডিবি) কর্মকর্তারা জানিয়েছেন, রাষ্ট্রপতি মুর্মুর শবরীমালা সফরের জন্য সমস্ত ব্যবস্থা সম্পন্ন হয়েছে। তিনি স্বামী আয়প্পান রোড এবং ঐতিহ্যবাহী ট্রেকিং পথ দিয়ে পাঁচটি গাড়ি এবং একটি অ্যাম্বুলেন্সের কনভয়ে

এরপর ৬ পাতায়



# মমতাকে ব্যক্তিগত আক্রমণে সতর্ক বিজেপি




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভুল থেকে শিক্ষা নিয়ে এগোতে চায় বিজেপি! ছাব্বিশের ভোটে রাজনৈতিক প্রচারে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে 'ব্যক্তিগত' আক্রমণে সতর্ক থাকতে চাইছে গেরুয়া শিবির। একুশের বিধানসভা নির্বাচনে তৃণমূলকে নিশানা করতে গিয়ে বাংলার মহিলা মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে লাগামছাড়া আক্রমণ করেছিলেন বিজেপি নেতারা।এদিকে, ছাব্বিশের বিধানসভা নির্বাচনের আগে সিএএ নিয়ে মাঠে নামছে বঙ্গ বিজেপি ও আরএসএস যৌথভাবে। ক'দিন আগেই সমন্বয় বৈঠকে এটা ঠিক হয়েছিল। আর, আজ বুধবার আরএসএস ও বিজেপি কলকাতায় জরুরি বৈঠকে বসছে এই সিএএ নিয়ে। সিএএ কার্যকর হলেও তার লক্ষ্যপূরণ করে হবে, তার কোনও ঠিক নেই। কিন্তু কয়েকমাস পরই বাংলায় বিধানসভা ভোট। তাই বাংলার ভোটের আগে হিন্দুত্বকেই হাতিয়ার করতে সিএএ-কে আঁকড়ে ধরে থাকতে চাইছে গেরুয়া শিবির। জগদ্ধাত্রী পুজোর পরই বাংলার সীমান্ত এলাকায় সিএএ-এর ৭০০ শিবির হবে। তার প্রস্তুতি নিয়েই আজ সল্টলেক বিজেপি অফিসে জরুরি বৈঠক। বৈঠকে থাকছেন বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক সংগঠন বিএল সন্তোষ। ইতিমধ্যে ৩৫ হাজার আবেদন জমা পড়েছে নাগরিকত্বের জন্য। সূত্রের খবর, এই শিবির পরিচালনার গোপন দায়িত্বে আরএসএস এবং তাদের প্রভাবিত এনজিও রয়েছে। তাই ভোটের আগে নির্দিষ্ট উদ্দেশ্য নিয়েই মাঠে নামছে বিজেপি। এই কাজে বাংলায় তাদের সঙ্গী আরএসএস।যা ভালোভাবে নেয়নি বাংলার মানুষ। ভোটবাক্সেই জবাব পেয়েছিল বিজেপি।

তাই পুরনো অভিজ্ঞতাকে মনে রাখতে চাইছে পদ্ম। আগামী ছাব্বিশের নির্বাচনে তৃণমূলকে রাজনৈতিকভাবে আক্রমণ শানাতে গিয়ে বাংলার মুখ্যমন্ত্রী সম্পর্কে 'ব্যক্তি' আক্রমণ আর নয়! এই বিষয়ে দলের নেতাদের শীর্ষস্তর থেকে সতর্ক থাকতে বলা হয়েছে। গেরুয়া শিবির সূত্রে এমনই খবর। বাঙালি নির্যাতন ইস্যু থেকে শুরু করে বিজেপি শাসিত রাজ্যে একাধিক ঘটনার নেতিবাচক আঁচ বাংলায় পড়েছে। ফলে নির্বাচনী প্রচার করতে গিয়ে এসব বিষয়ে পাল্টা জবাব কী দেওয়া হবে তা নিয়ে দলের নেতাদের মধ্যেই ধন্দ রয়েছে। তাই দলের প্রচারে নির্দিষ্ট ইস্যুভিত্তিক এগনোর জন্যই শীর্ষ নেতৃত্বের তরফে বলে দেওয়া হয়েছে, সূত্রের খবর।

## জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়াকে টেরিটোরিয়াল আর্মির সম্মানসূচক লেফটেন্যান্ট কর্ণেল মর্যাদায় ভূষিত করলেন প্রতিরক্ষা মন্ত্রী



**নয়াদিল্লি, ২২ অক্টোবর, ২০২৫**

নতুল দিল্লির সাউথ ব্লকে আজ এক সমারোহে দুবারের অলিম্পিক পদক জয়ী জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়াকে টেরিটোরিয়াল আর্মির সম্মানসূচক লেফটেন্যান্ট কর্ণেল মর্যাদায় ভূষিত করলেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। লেফটেন্যান্ট কর্ণেল (সম্মানসূচক) নীরজ চোপড়ার পরিবারের সদস্যদের সঙ্গে আলাপচারিতায় প্রতিরক্ষা মন্ত্রী

এরপর ৩ পাতায়

## কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী শ্রী পীযূষ গোয়েল জার্মানির সঙ্গে অর্থনৈতিক ও ব্যবসা-বাণিজ্যের অংশীদারিত্বকে শক্তিশালী করার উদ্দেশ্যে বার্লিন সফর করবেন

**নয়াদিল্লি, ২২ অক্টোবর, ২০২৫**

কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী শ্রী পীযূষ গোয়েল ২৩ অক্টোবর থেকে বার্লিন সফর শুরু করবেন। ভারত – জার্মানি কৌশলগত অংশীদারিত্বের ২৫-তম বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এই সফরে দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের গুরুত্বর নিরিখে এই সফর খুবই প্রাসঙ্গিক। সফরকালে শ্রী গোয়েল জার্মানির উচ্চ পদস্থ সরকারি আধিকারিক, শিল্প ও বাণিজ্য জগতের বিশিষ্ট ব্যক্তিত্বদের সঙ্গে সাক্ষাৎ করার পাশাপাশি, জার্মানির অর্থনীতি বিষয়ক ও জ্বালানি মন্ত্রী শ্রীমতী কাথেরিনা রাইশে এবং আর্থিক ও বৈদেশিক নীতি উপদেষ্টা ডঃ লেভিন হোলের সঙ্গে বৈঠক করবেন। এছাড়াও, মন্ত্রী জার্মানির উপ-প্রধানমন্ত্রী শ্রী হ্যাভিয়ার বেটেলের সঙ্গেও গুরুত্বপূর্ণ একটি বৈঠকে মিলিত



হবেন। এই বৈঠকে দুটি দেশের ব্যবসা-বাণিজ্য ছাড়াও আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়েও তাঁরা মত বিনিময় করবেন।

জার্মানির জি-৭ এবং জি-২০ গোষ্ঠীর শেরপা হিসেবেও ডঃ লেভিন হোলে দায়িত্ব পালন করছেন। ডঃ হোলের সঙ্গে বৈঠকে দুটি দেশের ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের জন্য নতুন নতুন ক্ষেত্র চিহ্নিত করা হবে। বার্লিন সফরকালে তৃতীয় বার্লিন গ্লোবাল ডায়ালগে শ্রী গোয়েল অংশগ্রহণ করবেন। বিশ্ব অর্থনীতির সমসাময়িক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বাণিজ্য মহল ও শিক্ষা জগতের বিশিষ্ট ব্যক্তিরা এই ডায়ালগে অংশ নেবেন। এই আলোচনাচক্রের একটি অধিবেশনে 'লিডার্স ডায়ালগ : গ্রোয়িং টুগেদার – ট্রেড অ্যান্ড অ্যালায়েন্স ইন এ চেঞ্জিং ওয়ার্ল্ড' –এ বক্তব্য রাখবেন কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী। এছাড়াও, তিনি মার্সেডিজ বেঞ্জ গ্রুপ, ইনফাইনিয়ন টেকনোলজিস, হেরেনক্লেশ্ট-সহ বেশ কয়েকটি কোম্পানীর মুখ্য কার্যনির্বাহী আধিকারিকদের সঙ্গে একান্ত সাক্ষাৎ করবেন। এছাড়াও, বাণিজ্যিক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করবেন তিনি, যা উদ্ভাবন, উন্নতমানের সামগ্রী উৎপাদনের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগ ও ব্যবসা-বাণিজ্য বৃদ্ধিতে সহায়কের ভূমিকা নেবে।






(১ম পাতার পর)

# দুর্ঘটনার কবলে রাষ্ট্রপতি মুর্মুর হেলিকপ্টার

সান্নিধানম পৌঁছাবেন। মন্দির দর্শনের পর ফিরে আসবেন তিরুঅনন্তপুরমে।দীর্ঘ চেষ্টায় হাত দিয়ে ঠেলে কপ্টারটি ক্ষতিগ্রস্ত জায়গা থেকে সরিয়ে নিয়ে যাওয়া হয়। দুর্ঘটনার জেরে কোনও ক্ষয়ক্ষতি হয়নি বলেই জানা যাচ্ছে। ৪ দিনের কেরল সফরে এসেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। বুধবার সকালে শবরীমালা মন্দিরে যাচ্ছিলেন তিনি। তখনই এই দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলে উপস্থিত আধিকারিকদের মতে, হেলিকপ্টারটি অবতরণের পর কিছুক্ষণের মধ্যেই হেলিপ্যাডের একাংশ ধসে পড়ে অতিরিক্ত ভারের জেরে কপ্টারের পিছনের অংশ অনেকটা ঢুকে যায়। পরিস্থিতি সামাল দিতে তৎক্ষণাৎ হাত লাগান আধিকারিকরা। ভিডিওতে দেখা যাচ্ছে, উপস্থিত দমকল ও পুলিশ কর্মীরা হাত দিয়ে ঠেলে বিপজ্জনক স্থান থেকে কপ্টারটি সরিয়ে নিয়ে যাচ্ছেন।

# নতুন দিল্লি স্টেশনের যাত্রী স্বাচ্ছন্দ্যের পর্যালোচনায় রেল মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

উৎসবের মরশুমে নতুন দিল্লি রেল স্টেশনের যাত্রী স্বাচ্ছন্দ্য এবং পরিষেবার পর্যালোচনা করতে কেন্দ্রীয় রেল, তথ্য ও সম্প্রচার এবং বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব আজ স্টেশন চত্বরে যান। সফরের পর সাংবাদিকদের তিনি জানান, যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে এবং তাঁরা যাতে যথাযথভাবে গন্তব্যে পৌঁছতে পারেন, তার জন্য ১২ লক্ষ রেল কর্মী দিবারাত্রি কাজ করে চলেছেন। বিশেষ ট্রেনে ১ কোটিরও বেশি যাত্রী ইতিমধ্যে সফর করেছেন। প্রতিদিন দিল্লিতে ৪ লক্ষ ২৫ হাজারেরও বেশি মানুষ ট্রেনে করে আসছেন। দিল্লির পাশাপাশি, সুরাট, মুম্বই, কোয়েম্বাটোর, হায়দরাবাদ এবং বেঙ্গালুরু রেল স্টেশনেও কড়া নজরদারি চালানো হচ্ছে। এছাড়াও, প্রত্যেকটি ডিভিশন এবং জোনে 'ওয়ার রুম' – এর ব্যবস্থা করা হয়েছে, যেখানে রেল কর্মীরা প্রতিনিয়ত নজর রেখে চলেছেন।



মন্ত্রী ১৬ নম্বর প্ল্যাটফর্মে পাটনাগামী অমৃত ভারত এক্সপ্রেসের যাত্রীদের সঙ্গে মতবিনিময় করেন। তাঁরা ভারতীয় রেলের উচ্ছ্বসিত প্রশংসা করেছেন। নতুন দিল্লি স্টেশনে এই সফরকালে রেল বোর্ডের চেয়ারম্যান ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক শ্রী সতীশ কুমার, উত্তর রেলের জেনারেল ম্যানেজার শ্রী অশোক কুমার ভার্মা-সহ রেলের উচ্চ পদস্থ আধিকারিকরা মন্ত্রীর সঙ্গে ছিলেন। যাত্রী স্বাচ্ছন্দ্য নিশ্চিত করতে শ্রী বৈষ্ণব রেলের আধিকারিকদের প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন।

উৎসবের মরশুমে ভারতীয় রেল ১২ হাজার ১১টি স্পেশাল ট্রেন চালাচ্ছে। ২০২৪ সালে ৭ হাজার ৭২৪টি বিশেষ ট্রেন চালানো হয়েছে। এছাড়াও, পয়লা অক্টোবর থেকে ২০ অক্টোবর পর্যন্ত ৪ হাজার ২১১টি বিশেষ ট্রেনে ১ কোটিরও বেশি যাত্রী সফর করেছেন। দীপাবলি ও ছট পুজোর জন্য অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে ভারতীয় রেল আগামী দিনে আরও ৭ হাজার ৮০০টি বিশেষ ট্রেন চালাবে।

যাত্রী স্বাচ্ছন্দ্য নিশ্চিত করতে বিভিন্ন রেল স্টেশনে অতিরিক্ত টিকিট কাউন্টার এবং ওয়াটার বুথ এবং পরিচ্ছন্ন শৌচালয়ের ব্যবস্থা করা হয়েছে। জয়পুর স্টেশনে যাত্রী এম-ইউটিএস – এর মাধ্যমে সরাসরি স্টেশনে চত্বরে টিকিট দেওয়ার হচ্ছে।

ভারতীয় রেল যাত্রী পরিষেবা উন্নত করতে সদা সচেষ্ট। বিভিন্ন সামাজিক মাধ্যমে রেল পরিষেবার বিষয়ে যে ভুয়ো তথ্য ছড়ানো হচ্ছে, সেই বিষয়ে যাত্রীদের সজাগ ও সচেতন থাকার পরামর্শ দেওয়া হয়েছে। গত ৫ দিনে ৪০টিরও বেশি ভুল তথ্য সম্বলিত পোস্টের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে।

যাত্রীরাও এ বছরের ব্যবস্থাপনায় যথেষ্ট সন্তোষ প্রকাশ করেছেন। প্রয়াগরাজ, ভালসাদ, বিশাখাপত্তনম এবং সম্বলপুর স্টেশনে যাত্রীরা জানিয়েছেন,

এরপর ৫ পাতায়

(২ পাতার পর)

# জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়াকে টেরিটোরিয়াল আর্মির সম্মানসূচক লেফটেন্যান্ট কর্ণেল মর্যাদায় ভূষিত করলেন প্রতিরক্ষা মন্ত্রী

তাঁকে অধ্যবসায় ও দেশপ্রেমের অনন্য উদাহরণ হিসেবে উল্লেখ করেছেন। শৃঙ্খলাপরায়ণ লেফটেন্যান্ট কর্ণেল (সম্মানসূচক) নীরজ চোপড়া আন্তর্জাতিক ক্রীড়ামঞ্চে দেশকে গর্বিত করেছেন বলে প্রতিরক্ষা মন্ত্রী উল্লেখ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সেনা প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী এবং ভারতীয় সেনা ও চেরিটোরিয়াল আর্মির শীর্ষ আধিকারিকরা।

লেফটেন্যান্ট কর্ণেল (সম্মানসূচক) নীরজ চোপড়া ২০১৬ সালে ভারতীয় সেনায় যোগ দেন। তাঁর জন্ম ১৯৯৭-এর ২৪ ডিসেম্বর হরিয়ানার পানিপথে। ২০২০-তে টোকিও অলিম্পিক্সে সোনা, ২০২৪-এ প্যারিস অলিম্পিক্সে রুপো, ২০২৩-এর ওয়াল্ড অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে সোনা জিতেছেন তিনি। এশিয়ান গেমস, কমনওয়েলথ গেমস এবং ডায়মন্ড লিগে একাধিকবার সেরার শিরোপা ছিনিয়ে নিয়েছেন তিনি। ২০২৫-এ তাঁর ৯০.২৩ মিটার থ্রো ভারতের ক্রীড়া ইতিহাসে এক মাইলফলক।

লেফটেন্যান্ট কর্ণেল (সম্মানসূচক) নীরজ চোপড়াকে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ২০২৫-এর ১৬ এপ্রিল সাম্মানিক ভিত্তিতে টেরিটোরিয়াল আর্মির অন্তর্ভুক্ত করেন। পদ্মশ্রী, মেজর ধ্যানচাঁদ খেলরত্ন সম্মান রয়েছে তাঁর ঝুলিতে। পেয়েছেন অর্জুন পুরস্কার, পরম বিশিষ্ট সেবা পদক এবং বিশিষ্ট সেবা পদক।

## সম্পাদকীয়

### প্রায় ৪ কোটি সন্দেহজনক ভোটার!

রাজ্যজুড়ে SIR শুরু নিয়ে জল্পনার মধ্যেই, CAA শিবির নিয়ে সল্টলেকে বিজেপির বৈঠক । রাজ্যজুড়ে ৭০০ শিবির করার ভাবনা বিজেপি এবং তার সহযোগীদের । বাংলাদেশ সীমান্তে বিশেষ নজর দিচ্ছে বিজেপি । নদিয়া, কোচবিহারের মতো জেলায় বিশেষ নজর দেওয়ার সম্ভাবনা রয়েছে । বিজেপির সর্বভারতীয় নেতৃত্বের মধ্যে বৈঠকে হাজির BL সন্তোষ, সুনীল বনশলরা । ভোটার তালিকা ম্যাপিং, সীমান্তবর্তী এলাকা নিয়ে উদ্বিগ্ন কমিশন । দার্জিলিং-জলপাইগুড়ি বাদে সব জেলার ভোটার তালিকায় ম্যাপিং শেষ । ভোটার তালিকায় ম্যাপিং, জেলায় জেলায় ভোটার তালিকায় 'ফারাক'! ২০০২-এর সঙ্গে ২০২৫-একাধিক জেলায় ভোটার তালিকায় ম্যাপিংয়ে 'ফারাক' । 'গতবারের থেকে উঃ ২৪ পরগনা, কোচবিহার, পঃ বর্ধমান ৫০%-এরও কম মিল' । ২০০২-এর তুলনায় দঃ ২৪ পরগনায় মাত্র ৫০% মিল: সূত্র । 'পঃ বর্ধমানে গতবারের তুলনায় ভোটার তালিকায় ৪০%-এরও কম মিল!' উত্তর ২৪ পরগনায় গতবারের তুলনায় ভোটার তালিকায় ৪১%-এরও কম মিল ।বিজেপির মুখপাত্র জগন্নাথ চট্টোপাধ্যায় বলেছেন, 'অত্যন্ত উদ্বেগজনক তথ্য এখনও পর্যন্ত উঠে এসেছে । আমার কাছে ১৮ তারিখ পর্যন্ত ২০০২ ও ২০২৫ সালের যে ম্যাপিং এসেছে বিভিন্ন স্থানীয় সূত্র থেকে, BLO-দের সঙ্গে যোগাযোগের মাধ্যমে, তাতে আমরা দেখছি অর্ধেকের বেশি ভোটার পশ্চিমবঙ্গের । মানে ৭ কোটি ৮০ লক্ষ ভোটারের মধ্যে প্রায় ৩ কোটি ৭০-৮০ লক্ষ ভোটারের ২০০২ ও ২০২৫ সালের ভোটার তালিকায় ম্যাপিং এবং ম্যাচিং হচ্ছে না । সাড়ে তিন কোটি থেকে ৪ কোটি ভোটার যাঁদের কাগজ দেখাতে হবে সত্যি করে, কারণ তাঁদের নাম বা পরিবারের কারও নামও নেই । ২০০২ থেকে ২০২৫ সালের মধ্যে যাঁদের নাম উঠেছে । তাঁদের মধ্যে একটা সিংহভাগ মানুষ থাকবেন, যাঁরা সন্দেহজনক ভোটার । SIR হলে তাঁদের নাম বাদ যাবে ।'

বাংলায় SIR প্রক্রিয়া শুরু আগেই কমিশনের নজরে BLO । অনিচ্ছুক ৬০০ BLO-কে শোকজের চিঠি নির্বাচন কমিশনের । কেন কাজ করতে চাইছেন না BLO-রা? জানতে চায় কমিশন । কেন শোকজ? বিবেচনা করতে কমিশনের কাছে BLO-দের আবেদন । শিক্ষকতা করে এই কাজ করা যায় না, দাবি অনিচ্ছুক BLO-দের একাংশে ।

# পৃথিবীর সৃষ্টির মূলে শিব



**মৃত্যুঞ্জয় সরদার**
**(বারোতম পর্ব)**



জনের একেক রকমের বেশ। তবে এর মধ্যে শিব ঠাকুরের পোশাক কিন্তু বেশ 'ইউনিক'। বাঘছালকে পোশাক হিসেবে পরতে দেখা যায় একমাত্র তাঁকেই। মাথায় জটা, জটায় সাপ আর পরনে বাঘছালই অন্যান্যদের থেকে আলাদা করে দেয় শিব ঠাকুরকে।শিবের কাহিনি অনাদি কালের। হরপ্পা সভ্যতায় পূজা পেতেন এক যোগী পশুপতি। পরবর্তী কালের আর্য ঋষিরা পশুপালক ভেষজরক্ষক একাদশ রুদ্রের স্তোত্র রচনা করেছেন। আর্য ঋষিরা কিন্তু লিঙ্গ-উপাসক

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**


## তথ্য সম্প্রচার মন্ত্রক এবং তার সহযোগী সংস্থাগুলির যথাযথভাবে পঞ্চম পরিচ্ছন্নতা অভিযান সম্পন্ন

**নয়াদিল্লি, ২২ অক্টোবর, ২০২৫**

কর্মক্ষেত্রকে আরও পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে এবং কাজে দক্ষতা বৃদ্ধি করতে তথ্য সম্প্রচার মন্ত্রক এবং তার সহযোগী সংস্থাগুলিতে যথাযথভাবে পঞ্চম পরিচ্ছন্নতা অভিযান সম্পন্ন হয়েছে। ২ অক্টোবর থেকে ১৭ অক্টোবর পর্যন্ত মন্ত্রক ৪৯৩টি স্থানে পরিচ্ছন্নতা অভিযান চালায়। ৯৭৩টি এলাকাকে পরিষ্কার-পরিছন্ন করা হয়। ১০৪টি গাড়িকে বাতিল বলে ঘোষণা করা হয়।

এই সময়কালে ১ লক্ষ ৪৩ হাজার কিলোগ্রাম জঞ্জাল পরিষ্কার করা হয়েছে। এর ফলে, ৩৪ লক্ষ ২৭ হাজার টাকা আয় হয়েছে। এছাড়াও, ৮ হাজার ৭ বর্গফুট এলাকা জঞ্জাল-মুক্ত করা সম্ভব হয়েছে। পাশাপাশি, ১৩,৯০০টি ফাইল পর্যালোচনা করে ৩,৯৫৭টি ফাইলকে বাতিল করা হয়েছে। ৫৮৫টি ই-ফাইল পর্যালোচনার পর ১৬৫টি ফাইল বন্ধ করা হয়েছে। ৩০১টি জনঅভিযোগ, ৫৭টি জনঅভিযোগ সংক্রান্ত আবেদন, সাংসদদের ১৬টি প্রসঙ্গ, রাজ্য সরকারগুলির পক্ষ থেকেও ২টি বিষয় এবং প্রধানমন্ত্রীর দপ্তরের ১টি বিষয় নিষ্পত্তি করা হয়েছে। বিশেষ এই অভিযানের দায়িত্বে ছিলেন মন্ত্রকের আধিকারিকদের একটি দল।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

যখন শিবের বরযাত্রী হয়ে "নরাস্থি -অলঙ্কার পরা কালী"কে দেখা যাচ্ছে, যিনি শিবের গণের একজন, নন্দী ভৃঙ্গীর মত (৩: ১৩৩)। আর্যাবর্তের এই তিনটি কল্পনাতেই কালী প্রান্তিক, এবং মুখ্য চরিত্রের পাশে গৌণ পার্শ্বচরিত্র। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# নভেম্বরে বাংলায় শুরু হতে পারে SIR!

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




সারা দেশে ভোটার তালিকার সংশোধনে বিশেষ নজর নির্বাচন কমিশনের। আর তারই অঙ্গ হিসেবে সোমবার নয়াদিল্লিতে শুরু হল দু'দিনের উচ্চপর্যায়ের বৈঠক। জায়গা— ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেকটোরাল ম্যানেজমেন্ট (IIIDEM)। লক্ষ্য— বিশেষ নিবিড় পুনর্বিবেচনা (SIR)-এর যাবতীয় প্রস্তুতি খতিয়ে দেখা।

বৈঠকে সভাপতিত্ব করছেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। সঙ্গে রয়েছেন দুই নির্বাচন কমিশনার ড. সুখবীর সিং সান্ধু ও ড. বিবেক জোশি। হাজির দেশের সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকরাও।

সূত্রের খবর, যে পাঁচ রাজ্যে শীঘ্রই ভোট, সেগুলিকে এই অক্টোবর মাসের মধ্যেই SIR-এর যাবতীয় প্রস্তুতি সেরে ফেলতে নির্দেশ দিয়েছে কমিশন। সেই পাঁচ রাজ্য— পশ্চিমবঙ্গ, আসাম, তামিলনাড়ু, কেরল ও পুদুচেরী। যার ফলে জোর জল্পনা— নভেম্বরেই এই রাজ্যগুলিতে শুরু হয়ে যেতে পারে SIR প্রক্রিয়া।

যদিও এখনও পর্যন্ত সিইও অফিসের পক্ষ থেকে কোনও অফিসিয়াল বিবৃতি দেওয়া হয়নি, তবে কমিশনের ঘনিষ্ঠ সূত্র মারফত মিলেছে এই গুরুত্বপূর্ণ বার্তা।

গত ১০ সেপ্টেম্বর SIR সংক্রান্ত একটি প্রাথমিক বৈঠক হয়েছিল কমিশনে। সেখানেই রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলি তাদের ভোটার সংখ্যার তথ্য, শেষ SIR-এর তারিখ ও তালিকার বিস্তারিত বিবরণ জমা দেয়। এবার সেই তথ্যের ভিত্তিতেই চলছে পরবর্তী ধাপের মূল্যায়ন।

এবারের বৈঠকে কমিশনের নজর ছিল আরও কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে—DEO, ERO, AERO, BLO এবং BLA-দের নিয়োগ ও প্রশিক্ষণ পরিস্থিতি, নতুন ও পুরনো ভোটারদের তালিকা মেলানোর অগ্রগতি, আগামী নির্বাচনের কথা মাথায় রেখে কর্মীদের প্রস্তুতি নেওয়া ইত্যাদি।

কমিশনের এক কর্তার কথায়, "ভোটার তালিকায় কোনও ভুল যেন না থাকে, সেটাই এখন মূল লক্ষ্য।" রাজ্যগুলিকে স্পষ্ট বার্তা— সময় নেই বেশি। প্রস্তুতি নিতে হবে দ্রুত। আর সেই বার্তা মাথায় রেখেই এবার বাংলায় শুরু হতে চলেছে প্রস্তুতির ঘড়ির কাঁটা গোনা।

(৩ পাতার পর)

## নতুন দিল্লি স্টেশনের যাত্রী স্বাচ্ছন্দ্যের পর্যালোচনায় রেল মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব

অসংরক্ষিত কামরাতেও পরিষেবা উন্নত করা হয়েছে। ভারতীয় রেল মাইসুরু স্টেশনে ২ নম্বর প্ল্যাটফর্মে আয়ুষ্মান প্রকল্পের আওতায় একটি নার্সিং রুম – এর সূচনা করেছে। লেডিস সার্কেল ইন্ডিয়া মা ও শিশুদের স্বাস্থ্যকর পরিষেবা প্রদানের জন্য এই উদ্যোগে সহায়ক হয়েছে। লক্ষ্ণৌ স্টেশনে সমস্ত কর্মীই মহিলা। ৩৪ জন সদস্যের মহিলা কর্মী দলটি নারী শক্তি যথাযথ প্রকাশ। দক্ষিণ রেলের পালাক্কার স্টেশন ডিভিশনাল মেডিকেল অফিসার ডঃ জিতিন পি এস ২৪ বছর বয়সী এক যাত্রীর চোয়াল বেঁকে যাওয়ার চিকিৎসা দ্রুততার সঙ্গে করে সুনাম অর্জন করেছেন। ঐ যাত্রী কন্যাকুমারী – ডিব্রুগড় বিবেক এক্সপ্রেসে যথাযথভাবেই ভ্রমণ করতে পেরেছেন। যাত্রী নিরাপত্তা, যাত্রী স্বাচ্ছন্দ্যের জন্য স্বচ্ছতার সঙ্গে বিভিন্ন পরিষেবা প্রদানের মধ্য দিয়ে ভারতীয় রেল তার দায়বদ্ধতা পালন করছে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Ranbhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

**পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে**

**কুইন প্রেস ও পত্রিকা দপ্তর**

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu sarda
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)
Mobile : 9564382031

# উল্টে যাওয়া জ্বালানি ট্যাঙ্কার থেকে তেল সংগ্রহের সময় ভয়াবহ বিস্ফোরণ, মৃত প্রায় ৩৮

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



নাইজেরিয়ার উত্তরাঞ্চলীয় নাইজার রাজ্যে জ্বালানি ট্যাঙ্কারে ভয়াবহ বিস্ফোরণ। তাতেই মৃত্যু হয়েছে প্রায় ৩৮ জনের। জানা গিয়েছে জ্বালানি ট্যাঙ্কারটি উল্টে গিয়েছিল। সেই সময়ে স্থানীয়রা সেখান থেকে তেল সংগ্রহ করছিলেন। সেই সময়েই ঘটে গিয়েছে মর্মান্তিক এই বিস্ফোরণ।গভর্নরের প্রধান প্রেস সচিব বোলোগি ইব্রাহিমের এক বিবৃতিতে জানিয়েছেন, "এটা হতাশাজনক যে মানুষ একটি পড়ে যাওয়া ট্যাঙ্কারের কাছে গিয়ে জিনিসপত্র সংগ্রহ করছিল।" প্রসঙ্গত, দক্ষিণ নাইজেরিয়ার লাগোস থেকে উত্তরে পেট্রোলিয়াম পণ্য বহনকারী ট্যাঙ্কারটি রাস্তার খারাপ অবস্থার কারণে দুর্ঘটনায় পড়ে বলে জানা গিয়েছে। অনেকেই জানাচ্ছেন, পশ্চিম আফ্রিকার এই দেশটিতে জ্বালানি ট্যাঙ্কার বিস্ফোরণ এবং সড়ক দুর্ঘটনা সাধারণ ঘটনা। দেশে সড়ক দুর্ঘটনার জন্য খারাপ রাস্তা একটি বড় কারণ। গত বছরের অক্টোবরে, উত্তর-পশ্চিম নাইজেরিয়ার জিগাওয়া রাজ্যে একটি জ্বালানি ট্যাঙ্কার বিস্ফোরণে ১৫৩ জন নিহত হয়েছিলেন। চলতি বছরের জানুয়ারিতে, নাইজার রাজ্যের সুলেজার কাছে প্রায় ৬০,০০০ লিটার পেট্রোল বহনকারী একটি ট্রাক উল্টে গেলে কমপক্ষে ৮৬ জন নিহত এবং প্রায় ৭০ জন আহত হন। তারপর ফের এই ঘটনা ঘটল।তিনি বলেন, হতাহতদের নিকটবর্তী হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। জানা গিয়েছে, তেল ট্যাঙ্কারটি রাস্তা থেকে ছিটকে পড়ে এবং জ্বালানি তেল ছড়িয়ে পড়ে। এই খবর পেয়েই গ্রামবাসীরা উল্টে যাওয়া ট্যাঙ্কার থেকে জ্বালানি তেল সংগ্রহ করতে ছুটে যায়। সেই সময়ে ট্যাঙ্কারটি হঠাৎ বিস্ফোরিত হলে ভয়াবহ আগুন লেগে যায়।

তাতেই ৩০ জনের বেশি মানুষ নিহত হয় এবং কমপক্ষে ৪০ জন আহত হয়েছেন।

তীব্র আগুনের কারণে অনেকে এমন দগ্ধ হয়েছেন যে তাঁদের শনাক্ত করা সম্ভব হয়নি। ফেডারেল রোড সেফটি কর্পসের (এফআরএসসি) নাইজার শাখার কমান্ডার হাজিয়া আইশাতু সাদু আরও জানান, উদ্ধারকাজ চলছে এবং দুঃখজনক এই ঘটনায় জেরে ব্যস্ত ওই হাইওয়েতে মারাত্মক যানজট তৈরি হয়েছে। নাইজার রাজ্যের গভর্নর মোহাম্মদ উমারু বাগো এই ঘটনাকে "উদ্বেগজনক, দুর্ভাগ্যজনক এবং করুণ" বলে বর্ণনা করে জনগণের প্রতি সমবেদনা জানিয়েছেন।

## খড়দহে রঙের কারখানায় বিধ্বংসী আগুন



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভয়াবহ আগুন লাগল উত্তর ২৪ পরগনার খড়দহের একটি রঙের কারখানায়। খড়দহের ঈশ্বরীপুর এলাকায় ওই কারখানা থেকে আচমকাই দাউদাউ করে আগুন বার হতে দেখেন স্থানীয় বাসিন্দারা। কী ভাবে আগুন লাগল, তা এখনও স্পষ্ট নয়। ইতিমধ্যে ঘটনাস্থলে পৌঁছে গিয়েছে দমকলের অন্তত পাঁচটি ইঞ্জিন।

মঙ্গলবার ভোরে অগ্নিকাণ্ডের খবর ছড়িয়ে পড়তেই এলাকাবাসী আতঙ্কিত হয়ে পড়েন। গোটা এলাকা কালো ধোঁয়ার কুণ্ডলীতে ঢেকে যায়। প্রাথমিক ভাবে অনুমান করা হচ্ছে, কারখানার ভিতরে রাসায়নিক দ্রব্য মজুত ছিল। সেই কারণেই আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। আগুন ধরার কারণ এখনও স্পষ্ট না হলেও অনুমান করা হচ্ছে, শর্ট সার্কিটের জেরে এই দুর্ঘটনা ঘটে থাকতে পারে। রঙের কারখানার ওই আগুন এখনও পর্যন্ত পুরোপুরি নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি। আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা চালিয়ে যাচ্ছেন দমকলকর্মীরা।

## বাজি ফাটানোয় লাঠিচার্জ কোচবিহারের পুলিশ সুপারের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**কোচবিহার:** কোচবিহারে পুলিশ সুপারের বাংলোর সামনে পথ অবরোধের ঘটনায় গ্রেপ্তার ১০। আজ বুধবার তাঁদের আদালতে তোলা হলে তিনজন মহিলার জামিন মঞ্জুর করে। তবে ঘটনায় পাঁচজনের পুলিশ রিমান্ড এবং দু'জনের জেলা হেফাজতের নির্দেশ দেয় আদালত। এই ঘটনায় ক্ষোভে ফুঁসছে স্থানীয় মানুষজন।ঘটনায় মঙ্গলবারেই কোচবিহার জেলার পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য সাফাই দিয়ে জানান, "রাত একটা পর্যন্ত বাজি ফাটানো চলছিল। বারবার বারণ করা হয়েছিল। কিন্তু কেউ শোনেননি।" তবে মারধরের কোনও ঘটনা ঘটেনি বলেই দাবি করেন পুলিশকর্তা। অন্যদিকে ঘটনার একটি ভিডিও সোশাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। যেখানে জেলা পুলিশ সুপারকে হাফপ্যান্ট ও গেঞ্জি পরে দেখা যাচ্ছে না। শুধু তাই নয়, মাথায় রয়েছে ফেট্টি। সেই ভিডিও প্রকাশ্যে আসতেই শুরু হয়েছে বিতর্ক।কোচবিহার জেলার পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্যের বাংলোর বাইরে বেশ কয়েকজন বাজি ফাটাচ্ছিলেন। আর তাতে অসুবিধা হচ্ছিল তাঁর বাংলোয় থাকা পোষ্য কুকুরদের। এরপরেই রাগে রাস্তায় বেরিয়ে মহিলা ও শিশুদের মারধর করার অভিযোগ ওঠে পুলিশ সুপারের বিরুদ্ধে। শুধু তাই নয়, একেবারে হাফপ্যান্ট, গেঞ্জি এবং মাথায় ফেট্টি বেঁধে রাস্তায় বেরিয়ে যারা বাজি ফাটাচ্ছিলেন তাঁদের উপর বেধড়ক লাঠিচার্জ পুলিশ সুপার করেন পুলিশ।

ঘটনায় বেশ কয়েকজন শিশু এবং মহিলা আহত হন। শরীরের একাধিক জায়গায় চোট লাগে। ঘটনার পরেই পুলিশ সুপারের বাড়ির সামনে অর্থাৎ কোচবিহার শহরের ৯ নম্বর ওয়ার্ডের রেল গুমটি এলাকায় অবরোধ করেন স্থানীয় মানুষজন। যা নিয়ে তীব্র উত্তেজনা ছড়িয়ে পড়ে। ঘটনার পরেই ব্যাপক ধরপাকড় শুরু করে পুলিশ। ঘটনায় এক আইনজীবী মহিলা-সহ বেশ কয়েকজনকে গ্রেপ্তার করে পুলিশ। আজ বুধবার ধৃতদের আদালতে তোলা হলে তিনজন মহিলার জামিন মঞ্জুর হলেও পাঁচজনের পুলিশ রিমান্ড এবং দু'জনের জেলা হেফাজতের নির্দেশ দেয় আদালত। ঘটনাকে কেন্দ্র করে তীব্র উত্তেজনা এলাকায়।

# সিনেমার খবর

# রুক্মিণীকে বিয়ে করা নিয়ে যা বললেন দেব

স্টাফ রিপোর্টার, রোজদিন



টালিউড সুপারস্টার দীপক অধিকারী দেব এ মুহূর্তে তুমুল আলোচনায় রয়েছেন। তার অভিনীত 'রঘু ডাকাত' মুক্তির পর যেমন নেতিবাচক মন্তব্য পাওয়া গেছে, ঠিক তেমনই ইতিবাচক আলোচনাও পাওয়া গেছে। সম্প্রতি কুণাল ঘোষ যেভাবে দেবকে আক্রমণ করেছেন, তাতেও হাসিমুখে সেই জবাব দিতে দেখা গেছে এ বিন্দাসকে। কটাক্ষের জবাবে কটাক্ষ নয়; বরং হাসিমুখে উপযুক্ত জবাব দিয়েছেন দেব।

এখানেই শেষ নয়; একটি বিষয় নিয়ে বারবার খবরের শিরোনাম হয়েছেন দেব। সেটি হচ্ছে, দেবের বিয়ের প্রসঙ্গ। শুভশ্রীর সঙ্গে বিচ্ছেদ হওয়ার পর দীর্ঘদিন রুক্মিণীকে ডেট করছেন অভিনেতা। একদিকে যখন টালিউডের বড় বড় অভিনেতা-অভিনেত্রীরা বিয়ের পিঁড়িতে বসছেন, যেখানে এর মধ্যে অনেকেই বাবা-মাও হয়েছেন, সেখানে কেন সিঙ্গেল লাইফ কাটাচ্ছেন অভিনেতা— এমন প্রশ্ন অনেকবার শোনা গেছে, কিন্তু এর উত্তর পাওয়া যায়নি। তবে এবার উত্তর পেয়েছে তার ভক্ত-অনুরাগীরা।

সম্প্রতি একটি গণমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে দেবকে প্রশ্ন করা হয়, 'তিনি কি টালিউডের সালমান খান? ভাইজানের মতো তিনিও কি সারাজীবন একাই জীবন কাটাবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন?' উত্তরে দেব যা বললেন তা রীতিমতো চমকে দেওয়ার মতো। দেব বলেন, আমি কোনো খান হতে চাই না। দেব হয়েই আমি বেশ ভালোই আছি।

তিনি বলেন, যেখানে আছি, যার সঙ্গে আছি, বেশ ভালোই আছি। তবে এই নয় যে, আমি সিঙ্গেল ব্যাচেলার লাইফ লিড করব। এ অভিনেতা বলেন, বিয়ে হলো ভাগ্যের ব্যাপার। তবে এই নয় যে, আমি বিয়ে করতে চাই না। অবশ্যই করব। একটা প্ল্যান চলছে, খুব শিগগির সবাই জানতে পারবে।

অভিনেতার এমন কথায় তার ভক্ত-অনুরাগীরা যারপরনাই খুশি। তারা ভাবছেন— হয়তো শিগগির সুখবর পাবেন তারা। এবার হয়তো বিয়ের সানাই বাজতে চলেছে দীপক অধিকারীর বাড়িতে। তবে সেটি কবে, তা একমাত্র সময়ই বলতে পারবে।

# কারিনা রেগে গেলে যেভাবে সামলান সাইফ

স্টাফ রিপোর্টার, রোজদিন



পতৌদি পরিবারের নবাব বলিউড অভিনেতা সাইফ আলি খান ও অভিনেত্রী কারিনা কাপুর খানের দাম্পত্যজীবন এক যুগেরও বেশি সময় ধরে চলছে। তাদের পারিবারিক জীবনে এখনো দেখা যায় পরিপক্বতা ও পারস্পরিক শ্রদ্ধাবোধ। সম্প্রতি এক সাক্ষাৎকারে কারিনার রাগ সামলানোর গোপন রহস্য ফাঁস করলেন নবাব সাইফ আলি খান।

এর আগে ২০১২ সালে বিবাহবন্ধনে আবদ্ধ হন সাইফ ও কারিনা। বয়সে প্রায় ১১ বছরের ব্যবধান থাকলেও সম্পর্কের ক্ষেত্রে তা কখনো বাধা হয়ে দাঁড়ায়নি। দাম্পত্যজীবনের ১২ বছর পেরিয়েও তারা দুই সন্তানকে নিয়ে একসঙ্গে সুখে আছেন।

সেই দাম্পত্যজীবনে টানাপোড়েন প্রসঙ্গে সাইফ আলি খান বলেন, স্ত্রীর রাগের মুহূর্তে সংযমই তার মূল ভরসা। তিনি বলেন, কারিনা রেগে গেলে আমি চুপ হয়ে যাই। কোনো কথা বলি না, শুধু শুনে যাই।

এর আগে অভিনেত্রী কারিনা কাপুরও জানিয়েছিলেন, বয়সের পার্থক্য তাদের সম্পর্কে কোনো প্রভাব ফেলেনি। একে অপরের প্রতি শ্রদ্ধা ও বোঝাপড়াই তাদের সম্পর্কের মূল ভিত্তি। কারিনা বলেন, ভালোবাসা থাকলে অনেক সমস্যার সমাধান সহজ হয়ে যায়।

# ফিল্মফেয়ারে ইতিহাস গড়লেন আলিয়া ভাট



স্টাফ রিপোর্টার, রোজদিন

৭০তম ফিল্মফেয়ার পুরস্কারে সেরা অভিনেত্রীর পুরস্কার জিতে আবারও আলোচনার কেন্দ্রবিন্দুতে চলে এসেছেন আলিয়া ভাট। ভাসান বালা পরিচালিত 'জিগরা' সিনেমার জন্য এই পুরস্কার জেতেন তিনি। এ নিয়ে ছয়বার সেরা অভিনেত্রীর পুরস্কার জিতে নূতন ও কাজলকে পেছনে ফেলেছেন আলিয়া। টানা তিনবার ফিল্মফেয়ারে সেরা অভিনেত্রী নির্বাচিত হওয়ার কীর্তিও গড়েছেন তিনি।

তবে তার এই পুরস্কার জয়ের পরপরই শুরু হয়েছে ব্যাপক সমালোচনা ও বিতর্ক। সোশ্যাল মিডিয়ায় অনেকেই এই জয়কে বলিউডের পুরোনো স্বজনপ্রীতির সংস্কৃতির অংশ হিসেবে দেখছেন।

এদিকে সমালোচনা যতই হোক, এ বিষয়ে এখনও পর্যন্ত কোনো মন্তব্য করেননি আলিয়া ভাট।

এর আগে তিনি 'উড়তা পাঞ্জাব', 'রাজি', 'গাল্লি বয়', 'গাঙ্গুবাই কাঠিয়াওয়াড়ি' এবং 'রকি অউর রানি কি প্রেম কাহানি' ছবির জন্য ফিল্মফেয়ার জিতেছিলেন।

প্রসঙ্গত, 'জিগরা' ছবিতে ভাইয়ের জন্য বোনের আত্মত্যাগের গল্প তুলে ধরা হয়েছে। ছবিটির প্রযোজনা করেছে করণ জোহরের ধর্মা প্রোডাকশনস এবং আলিয়ার নিজস্ব প্রযোজনা প্রতিষ্ঠান ইটারনাল সানশাইন প্রোডাকশনস।

# ২০২৬ বিশ্বকাপে জায়গা করে নিল ঘানা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

২০২৫ আফ্রিকা কাপ অব নেশন্সে জায়গা না পেয়ে যে ব্যর্থতায় ঘানা স্তব্ধ হয়ে পড়েছিল, সেই আঘাত ভুলে তারা অবশেষে ফুটবল বিশ্বের মঞ্চে ফিরেছে দুর্দান্তভাবে। রবিবার রাতে কমোরোসের বিপক্ষে ১-০ গোলের জয়ে বিশ্বকাপের টিকিট কাটে ঘানা। ম্যাচের দ্বিতীয়ার্ধে টটেনহ্যামের ফরোয়ার্ড মোহাম্মদ কুদুসের একমাত্র গোলে জয় নিশ্চিত করে 'ব্ল্যাক স্টার্সরা'। এর আগে আলজেরিয়া, মিসর, মরক্কো তিউনিসিয়ার পর পঞ্চম আফ্রিকান দেশ হিসেবে ২০২৬ বিশ্বকাপ নিশ্চিত হলো ঘানার।

ঘানার রাজধানী আক্রায় এই জয়ে গ্রুপ 'আই' থেকে ১০ ম্যাচে ২৫ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবিলের শীর্ষে থেকে কোয়ালিফায়ার শেষ করল ঘানা। দ্বিতীয় স্থানে থাকা মাদাগাস্কার থেকে ছয় পয়েন্ট বেশি তাদের। আর ১০ ম্যাচে ১৫ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবিলের চারে কমোরোস।

এ নিয়ে যুক্তরাষ্ট্র-মেক্সিকো-কানাডা বিশ্বকাপে কোয়ালিফাই করা দেশের সংখ্যা হলো ২১টি। ৪৮ দলের বিশ্বকাপে এখনো বিশ্বচ্যাম্পিয়নদের টুর্নামেন্টে জায়গা পাওয়ার অপেক্ষায় আছে ২৭টি দেশ।

প্রথমার্ধে অনেকটা নিষ্প্রাণ ফুটবল খেলে ঘানা। আগের নয়টি ম্যাচে ২২টি গোল করলেও এদিন কমোরোসের গোলরক্ষককে তেমন একটা পরীক্ষার মুখে ফেলতে পারেনি ওটো অ্যাডোর দল। তবে বিরতির পরই বদলে যায় দৃশ্যপট। থমাস পার্টের পাস থেকে কাছ থেকে সহজ ফিনিশে কুদুস গোল করে দলকে এগিয়ে দেন। এটি ছিল তাঁর বাছাই পর্বের দ্বিতীয় গোল।



আগের দুইবারের দেখাতেই ঘানাকে হারিয়েছিল কমোরোস। ২০২২ আফ্রিকান নেশন্স কাপে কুদুসের দলকে হারায় তারা। এরপর বিশ্বকাপ বাছাইয়ের প্রথম রাউন্ডেও ঘানার মাটিতে ১-০ গোলে জিতেছিলো কমোরোস। তবে এবার সবশেষ দুই হারের শোধ তুলল ঘানা।

২০২৪ সালের নভেম্বরে আফ্রিকা কাপের ফাইনাল পর্বে জায়গা না পাওয়ায় দেশজুড়ে হতাশা ছড়িয়ে পড়ে—২০০৪ সালের পর এমন ব্যর্থতা আর দেখেনি ঘানা। তখন কোচ অটো অ্যাডোর পদত্যাগ দাবি ওঠে নানা মহল থেকে। কিন্তু দৃঢ়চেতা অ্যাডো জানিয়ে দেন, "আমি এমন মানুষ নই যে ব্যর্থতায় হাল ছেড়ে দিই। যদি এমন করতাম, তাহলে কখনো ফুটবলার বা কোচ হতে পারতাম না,"—বলেন তিনি। "যে পথ পেরিয়ে আমি এখানে পৌঁছেছি, তা জানলে কেউ পদত্যাগের কথা বলত না।"

প্রথম মেয়াদে কাতার বিশ্বকাপ ২০২২-এ দলকে তোলার পর দ্বিতীয় মেয়াদেও নিজের যোগ্যতার প্রমাণ দিয়েছেন অ্যাডো। নতুন কোচিং স্টাফের সহায়তায় তিনি দলকে ঘুরে দাঁড়াতে সাহায্য করেছেন। ১০ ম্যাচে ২৫ পয়েন্ট নিয়ে 'গ্রুপ আই'-এ শীর্ষে থেকে ঘানা এবারও জায়গা করে নিয়েছে ফুটবলের মহাযজ্ঞে। শেষ দিন পর্যন্ত মাদাগাস্কার লড়াই চালিয়ে গেলেও কোমোরোসের বিপক্ষে মোহাম্মদ কুদুসের গোলই ঘানার বিশ্বকাপ নিশ্চিত করে দেয়। এই অভিযানে সবচেয়ে আলোচিত নাম ছিলেন জর্ডান আয়ু—পুরো বাছাই পর্বে সাত গোল করে তিনি হয়ে উঠেছেন দলের ভরসা।

ফিফা বিশ্বকাপ ২০২৬ হবে ঘানার পঞ্চম উপস্থিতি বিশ্ব মঞ্চে। ২০০৬ সালে জার্মানিতে অভিষেকের পর দলটি সর্বোচ্চ সাফল্য পায় দক্ষিণ আফ্রিকা ২০১০-এ, যখন মিলোভান রাজেভাচের কোচিংয়ে তারা পৌঁছে যায় কোয়ার্টার ফাইনালে। সেই টুর্নামেন্টে আসামোয়া গিয়ান ছিলেন অনুপ্রেরণার প্রতীক। শেষ ষোলোয় যুক্তরাষ্ট্রের বিপক্ষে অতিরিক্ত সময়ে তার দুর্দান্ত গোল ঘানাকে পাঠায় কোয়ার্টারে, যেখানে উরুগুয়ের বিপক্ষে নাটকীয় সেই ম্যাচ এখনো ফুটবল ইতিহাসের অন্যতম স্মরণীয় অধ্যায়।

## গম্ভীরের বিরুদ্ধে গুরুতর অভিযোগ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দাবিটি আগেই তুলেছিলেন কৃষ্ণমাচারি শ্রীকান্ত। ভারতের সাবেক এই তারকার জানিয়েছেন, গৌতম গম্ভীর সেচ্ছাচারিতা করছেন। শ্রীকান্তের মতে, ভারতের দল ঘোষণার সময় নাকি অধিনায়কের আগে লেখা হয় প্রধান কোচের পছন্দের এক খেলোয়াড়ের নাম। ওই খেলোয়াড়কে নিয়েই ঘটেছে বড় কাণ্ড। বিতর্কও ছড়িয়েছে বহুদূর!

ভারতের কোচ গৌতমকে নিয়ে বিতর্ক মূলত একটি ডিনার পার্টি থেকে। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে দ্বিতীয় টেস্টের আগে নিজের বাড়িতে সবাইকে দাওয়াত দেন গৌতম। ভারত দলের স্কোয়াডের সবাই ছিলেন সেখানে। ক্যারিবিয়ানরাও। ওই দলে যোগ হন হার্ষিত রানা। ডিনারে এই ক্রিকেটারের থাকা নিয়েই উঠেছে প্রশ্ন! হার্ষিত এই সিরিজে খেলছেন না। কিন্তু কেন টিম হোটেলের বাকি সবার সঙ্গে আছেন, সেই বিষয়ে শুরু হয়েছে বিতর্ক। তবে হার্ষিত টিমের সঙ্গে গৌতমের বাড়িতে আসেনি। নিজের গাড়িতে চেপে এসেছেন। তবুও টিমের ডিনারে তার থাকা নিয়ে অনেকের ক্ষোভ।

দুইয়ে দুইয়ে চার মেলাচ্ছেন অনেকে। কেউ বলছেন, 'গৌতম যেখানে যাবেন সেখানে হার্ষিত থাকবেন না, তা কি হয়!' সমর্থকদের আরেক অংশের দাবি, গৌতম এই কাজটি ঠিক করেননি মোটেও।

অনেকে আবার এই দাবির বিপক্ষে। যেহেতু এটা গৌতমের ব্যক্তিগত পার্টি, তাই তিনি কাকে ডাকবেন সেটা সম্পূর্ণরূপে তার সিদ্ধান্ত। এখানে ভারতের ক্রিকেট বোর্ডের বাধা দেওয়ার এখতিয়ার নেই। তবে গৌতমকে নিয়ে বিতর্ক বেড়েছে একমাত্র হার্ষিতকে ডাকার কারণেই। তাছাড়া সিরিজ চলাকালে দলের সঙ্গে বাইরের কারও আলোচনা নিয়েও প্রশ্ন তৈরি হয়েছে।

এই বিতর্ক নিয়ে এখনও কিছু বলেননি গৌতম। হার্ষিতও এড়িয়ে গেছেন মিডিয়া।

## আফগানিস্তানকে ইনিংস ব্যবধানে হারালো জিম্বাবুয়ে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আফগানিস্তানকে ইনিংস ব্যবধানে হারিয়ে একমাত্র টেস্ট জিতে নিয়েছে জিম্বাবুয়ে। বুধবার হারারে টেস্টের তৃতীয় দিনের দ্বিতীয় সেশনে ইনিংস ও ৭৩ রানের জয় নিশ্চিত করে স্বাগতিকরা। ২০১৩ সালের পর ঘরের মাঠে এটি তাদের প্রথম টেস্ট জয়।

প্রথম ইনিংসে ১২৭ রানে গুটিয়ে যাওয়া আফগানিস্তান দ্বিতীয় ইনিংসে করতে পেরেছে মাত্র ১৫৯ রান। আর বেন কারানের সেঞ্চুরিতে নিজেদের প্রথম ইনিংসে ৩৫৯ রান করে জিম্বাবুয়ে।

২৩২ রানে পিছিয়ে থেকে বুধবার দ্বিতীয় ইনিংস শুরু করতে নেমে ব্যাটিং ধসে পড়ে আফগানরা। দলীয় ৬০ রানে ৪ উইকেট হারিয়ে বসে অধিনায়ক হাশমতউল্লাহ শহীদির দল। সেখান থেকে পঞ্চম উইকেটে ৪৯ রানে জুটি গড়ে পরাজয়ের ব্যবধান শুধু কমিয়েছেন বাহির শাহ (৩২) ও আফসার জাজাই (১৮)। তবে ১৮ রানের ব্যবধানে দুজনই বিদায় নিলে ১৫৯ রানেই গুটিয়ে যায় আফগানিস্তানের দ্বিতীয় ইনিংস। ওপেনিংয়ে নেমে সর্বোচ্চ ৪২ রান



করেছেন ইব্রাহিম জাদরান।

জিম্বাবুয়েকে বড় জয় এনে দেওয়ার কারিগর ব্লেসিং মুজারাবানি ও রিচার্ড এনগারাভা। প্রথম ইনিংসে কোনো উইকেট না পেলেও দ্বিতীয় ইনিংসে ৫ উইকেট নিয়েছেন বাঁহাতি পেসার এনগারাভা। অন্যদিকে প্রথম ইনিংসের মতো ফিরতি ইনিংসেও সমান ৩ উইকেট নিয়েছেন মুজারাবানি। বাকি দুই উইকেট নিয়েছেন তানকা চিভাঙ্গা।

অন্যদিকে জিম্বাবুয়েকে বড় সংগ্রহ এনে দেওয়ার নায়ক বেন কারান। টেস্ট ক্যারিয়ারের প্রথম সেঞ্চুরির ইনিংসটি খেলেছেন ১২১ রানের। ১৫ চারে ইনিংসটির জন্য পরে ম্যাচসেরাও হয়েছেন তিনি। ৩৫৯ রানের সংগ্রহে অবশ্য ৬৫ রানের ইনিংস খেলে অবদান রেখেছেন সিকান্দার রাজাও।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR